**বাংলাদেশ পর্যটন করপোরেশন**
পরিকল্পনা শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.parjatan.gov.bd

স্মারক নং- ৩০.৩২.০০০০.০৪১.০৫.০০২.২৩-/৫১ তারিখ: ০৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনরা ১.১.১ কর্মসম্পাদন সূচক মোতাবেক সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী সংস্থার কর্মকর্তাদের নিকট হতে আইডিয়া আহবান করা হলে জমাকৃত আইডিয়া হতে অফিস ব্যবস্থাপনা ডিজিটাইজেশন করণে **'কেইস ম্যানেজমেন্ট সিস্টেম'** শিরোনামে আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

বাংলাদেশের পর্যটন করপোরেশন (বাপক) সৃষ্টিলগ্ন হতে দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশে কাজ করছে। বাপক বাংলাদেশের বিভিন্ন আকর্ষণীয় পর্যটন এলাকায় পর্যটন সুবিধা সৃষ্টির অংশ হিসেবে বিভিন্ন বাণিজ্যিক কেন্দ্র যেমন হোটেল, মোটেল, রেস্তোরাঁ ও বিনোদন কেন্দ্র ইত্যাদি সুবিধাদি সৃষ্টি করেছে। সংস্থার দাপ্তরিক কাজ সম্পাদন সে সাথে সরকারের পাশাপাশি ট্যুরিজম সেক্টরে বেসরকারি উদ্যোক্তা সৃষ্টি ও বিনিয়োগকে উৎসাহিত করণের লক্ষ্যে বাপক এর বিভিন্ন বাণিজ্যিক ইউনিট পরিচালনায় বেসরকারি প্রতিষ্ঠানের সাথে চুক্তির করা হয়। বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত এ সকল বাণিজ্যিক ইউনিট পরিচালনা অনেক সময় চুক্তি মোতাবেক না হওয়ায় সংস্থাকে মামলা মোকাদ্দমার সম্মুখীন হতে হয়েছে। এছাড়াও বাপক এর উন্নয়ন প্রকল্প বাস্তবায়নেও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে মামলার সম্মুখীন হতে হয়েছে। দেখা যায় যে, বাপক কর্তৃক দায়েরকৃত মামলা ও বাপক-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার মোট সংখ্যা ৬৭ টি।

বাপক কর্তৃক দায়েরকৃত ও বাপক-এর বিরুদ্ধে দায়েরকৃত এ সকল চলমান মামলার শুনানী, পুন:শুনানী ও সংশ্লিষ্ট বিভিন্ন তথ্যাদি প্রতিনিয়ত বিভিন্ন আদালত থেকে স্ব-শরীরে উপস্থিত থেকে সংগ্রহ করতে হয়। সাধারণত: মামলার দিন সকাল বেলায় চলমান মামলার ঐদিনের তালিকা প্রকাশ করা হয়ে থাকে। এতে প্রায়শই দেখা যায় যে, যথাসময়ে চলমান মামলা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করে মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ সম্ভব হয় না। এতে চলমান মামলা সম্পাদনে দীর্ঘ সময় অতিবাহিত হচ্ছে, সে সাথে মামলা পরিচালনায় অতিরিক্ত অর্থও ব্যয় হচ্ছে।

বাপক কর্তৃক দায়েরকৃত ও বাপক-এর বিরুদ্ধে দায়েরকৃত এ সকল চলমান মামলা সুষ্ঠুভাবে সম্পাদনে ও বাপক-এর শতভাগ স্বার্থ সুরক্ষার জন্য **'কেইস ম্যানেজমেন্ট সিস্টেম'** শীর্ষক অনলাইনভিত্তিক আইডিয়াটি বাস্তবায়ন করা হয়েছে। আইডিয়াটি বাস্তবায়নে ফলে ডিজিটালি অনলাইনে বিভিন্ন আদালত হতে চলমান মামলা সম্পর্কিত তথ্যাদি পূর্ব হতেই একইসাথে সংস্থার আইন কর্মকর্তা, আইন বিশেষজ্ঞ ও বাপক-এর কর্তৃপক্ষ অবগত হতে পারছেন। ফলে মামলা সম্পর্কে প্রয়োজনীয় প্রস্তুতিসহ প্রয়োজনীয় কার্যক্রম যথসময়ে গ্রহণ করা সম্ভব হচ্ছে। এতে বাপক-এর সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে সে সাথে সংস্থার অধিকতর স্বার্থ রক্ষা সম্ভব হচ্ছে।

বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর অবগতির জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশটি জারী করা হলো।

৬/৩/২৪
মো: মাহমুদ কবীর
পরিচালক (পরিকল্পনা)
ইনোভেশ কর্মকর্তা

স্মারক নং- ৩০.৩২.০০০০.০৪১.০৫.০০২.২৩-/৫১ তারিখ: ০৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:
১। পরিচালক (প্রশাসন/বাণিজ্যিক/), বাপক, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাপক, ঢাকা (চেয়াম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। ব্যবস্থাপক/উপব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।

০৬/০৩/২০২৪
(মো: সাজেদুল কবির)